Consumer and Worker Protection

**উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (DEPARTMENT OF CONSUMER AND WORKER PROTECTION, DCWP) লাইসেন্সিং কেন্দ্র**
42 Broadway, Lobby
New York, NY 10004

**কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:**

সোমবার-বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30–এ

**NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র**
90-27 Sutphin Blvd, 4th Floor
Jamaica, NY 11435

**কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:**

সোমবার-বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30–এ

**ব্যক্তিগত পরিষেবা শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট দ্বারা**

DCWP লাইসেন্সিং সেন্টার এবং NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রতে ব্যক্তিগতভাবে আপনার লাইসেন্সের আবেদন জমা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে। **আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া বিভাগটি** দেখুন।

*দ্রষ্টব্য:* সশরীরে প্রাপ্য পরিষেবা যেহেতু সীমিত, তাই আমরা আপনাকে আমাদের অনলাইন পরিষেবা ব্যবহার করার জন্য উৎসাহ দিচ্ছি। পরিষেবাটি **nyc.gov/BusinessToolbox**–তে 24/7 উপলভ্য।

# খুচরো তামাকের ডিলার লাইসেন্স আবেদনের চেকলিস্ট

**আপনার ব্যবসা ফার্মেসী হলে বা ফার্মেসী এর অন্তর্ভুক্ত হলে, এই আবেদনটি জমা করবেন না।**

ফার্মেসী এবং ব্যবসা যাদের ফার্মেসী অন্তর্ভুক্ত আছে NYC আইন তাদেরকে খুচরো তামাকের ডিলার লাইসেন্স সংগ্রহ করতে নিষেধ করে।

*****গুরুত্বপূর্ণ: কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপ (Community District Caps)*****

খুচরো তামাকের ডিলার লাইসেন্সের জন্য কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপ 24শে ফেব্রুয়ারি, 2018 তারিখ থেকে কার্যকর হয়েছে। বর্তমান কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপের তালিকার জন্য, opendata.cityofnewyork.us-তে NYC উন্মুক্ত তথ্য (Open Data) দেখুন এবং "খুচরো তামাকের ডিলার (tobacco retail dealer)" খুঁজুন।

**আপনি এই আবেদনটি জমা দিতে পারবেন যদি শুধুমাত্র:**

- আপনার কমিউনিটি ডিস্ট্রিক্টে লাইসেন্স উপলভ্য থাকে।*
- খুচরো তামাকের ডিলার লাইসেন্সসহ একটি ব্যবসা বিক্রি হয়, কোন ব্যক্তি কর্পোরেশনটির 10% বা তার বেশি শেয়ার অধিগ্রহণ করে, অথবা পার্টনারশিপে পরিবর্তন ঘটে। আপনি (নতুন ব্যবসা) একই স্থানে একটি নতুন লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন যতক্ষণ না ঠিকানায় "ভালো অবস্থানে" একটি বর্তমান, সক্রিয় লাইসেন্স থাকে এবং *আপনি বিক্রয় বা পরিবর্তনের 30 দিনের মধ্যে একটি নতুন লাইসেন্সের জন্য আবেদন করেন।*†
- আপনার ব্যবসা নির্দিষ্ট বিমানবন্দর বা পার্কে অবস্থিত যেগুলি কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপগুলির অধীন নয়।†
- আপনার নিউজস্ট্যান্ড অবস্থানে আপনার একটি সক্রিয় তামাক খুচরা ডিলার লাইসেন্স আছে এবং একই ব্যবসার নামে উভয় লাইসেন্স রাখতে চান।†
- আপনার কাছে একটি নিউজস্ট্যান্ড লাইসেন্স রয়েছে যা পূর্বের লাইসেন্সধারীর মৃত্যু বা অক্ষমতার পরে স্থানান্তরিত হয়েছিল এবং আপনি আপনার নামে অবস্থানের তামাক খুচরা ডিলার লাইসেন্স রাখতে চান। বিদ্যমান তামাক খুচরা বিক্রেতার লাইসেন্স অবশ্যই ভালো অবস্থানে থাকতে হবে।†

*যখন লাইসেন্স উপলভ্য থাকে, তখন DCWP একটি লটারি পরিচালনা করবে। লটারির জন্য আবেদন করার প্রক্রিয়া সহ তথ্যের জন্য nyc.gov/dcwp দেখুন।
† আপনি যদি ক্যাপের এই ব্যতিক্রমগুলির মধ্যে একটি পূরণ করেন, তাহলে আপনাকে অবশ্যই তামাক খুচরা বিক্রেতার ক্যাপ ব্যতিক্রম শংসায়ন এবং সমর্থনকারী নথি জমা দিতে হবে। আরও তথ্যের জন্য প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন।

## কার খুচরো তামাকের ডিলার লাইসেন্স অবশ্যই থাকতে হবে?

সরাসরি উপভোক্তার কাছে সিগারেট বা তামাকজাতীয় পণ্য, যেমন সিগার, চেবানো যায় এমন তামাক, পাইপের তামাক, নিজে নিজে রোল করা যায় এমন তামাক, খৈনি, বিড়ি, নস্যি, হুঁকো, অথবা দ্রাব্য তামাকজাতীয় দ্রব্য বিক্রি করতে আপনার অবশ্যই একটি খুচরো তামাকের ডিলার লাইসেন্স থাকতে হবে।

এই বর্ণনাটি হল কার অবশ্যই খুচরো তামাকের ডিলার লাইসেন্স থাকতে হবে তার একটি সাধারণ বর্ণনা।

## একটি খুচরো তামাকের ডিলার লাইসেন্সের আবেদন করার জন্য প্রয়োজনীয়তার কুইক লিস্ট

*বিস্তারিত বর্ণনার জন্য প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন। নিশ্চিত করুন যে আপনি সব প্রয়োজনীয়তাগুলি মিটিয়েছেন; নয়ত, আপনার আবেদন অসম্পূর্ণ থাকবে। লাইসেন্স ইস্যু করার জন্য DCWP কেবলমাত্র সম্পূর্ণ আবেদন গ্রহণ করতে পারে।*

- ☐ সাধারণ লাইসেন্সের আবেদন
- ☐ সেলস ট্যাক্স পরিচয়পত্র নম্বর অথবা অ্যাপ্লিকেশন কনফার্মেশন নম্বর
- ☐ সিগারেট বা তামাকজাতীয় দ্রব্যের বিক্রির জন্য খুচরো ডিলার এবং ভেন্ডিং মেশিনের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট কর এবং অর্থ বিভাগ (Department of Taxation and Finance)-এর রেজিস্ট্রেশন
- ☐ ব্যবসার ঠিকানার প্রমাণ
- ☐ বাড়ির ঠিকানার প্রমাণ
- ☐ খুচরো তামাকের ডিলার ক্যাপ এক্সেপশন সার্টিফিকেশন (Tobacco Retail Dealer Cap Exception Certification) এবং সহায়ক নথিভুক্তিকরণ *(প্রযোজ্য হলে)*
- ☐ কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation) *(প্রযোজ্য হলে তবে)*
- ☐ লাইসেন্স মূল্য

*আপনার আবেদন জমা করার মাধ্যমে আপনার লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে অনুমোদিত  হয় না।*

## আপনার যে অতিরিক্ত সিটি বা স্টেট পারমিট/লাইসেন্স/ক্লিয়ারেন্স প্রয়োজন হতে পারে

নিউ ইয়র্ক সিটিতে বৈদ্যুতিন সিগারেট বিক্রি করতে গেলে আপনার অবশ্যই একটি *খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার* লাইসেন্স থাকতে হবে। খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার লাইসেন্সও কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপের আওতাধীন।

এটি সম্পূর্ণ তালিকা নয়। অতিরিক্ত সংস্থানসমূহ বিভাগটি দেখুন।

## আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া



অনলাইনে আপনার আবেদন জমা দিতে www.nyc.gov/BusinessToolbox-এ যান।

অথবা



DCWP লাইসেন্সিং সেন্টারে বা NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র (পৃষ্ঠা 1-এ ঠিকানা আছে)ব্যক্তিগতভাবে ফাইল করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করুন।

**ইমেলের মাধ্যমে:** LicensingAppointments@dcwp.nyc.gov
**ফোনের মাধ্যমে*:** (212) 436-0441 নম্বরে ফোন করুন। (সোমবার – শুক্রবার, সকাল 8টা – বিকেল 4টে)

*এই নম্বরটি কেবলমাত্র সশরীরে পরিষেবা পাওয়ার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার জন্য। সাধারণ প্রশ্নের জন্য onlineappsdocs@dcwp.nyc.gov–এ ইমেল করুন।

ওই স্থানে *বিনামূল্যে ব্যাখ্যার পরিষেবা* উপলভ্য রয়েছে। প্রতিবন্ধী-সম্পর্কিত বাসস্থানের অনুরোধ করতে, অনুগ্রহ করে DCWP-এর বিকলাঙ্গ আমেরিকানদের আইন(ADA) সমন্বয়কারীকে **DCWPADACoordinator@dcwp.nyc.gov**-এ ইমেল করুন অথবা **nyc.gov/dcwp** দেখুন এবং “আবাসন” অনুসন্ধান করুন।

***রিমাইন্ডার:*** **ক্যাপের কিছু ব্যতিক্রমের জন্য, DCWP কে অবশ্যই আপনার আবেদন 30 দিনের মধ্যে পেতে হবে।**

## ব্যবসায়িক সার্টিফিকেট (Business Certificate)-এর সম্পর্কে গুরুত্বপূর্ণ বার্তা

আপনার ব্যবসার আইনি কাঠামো অনুযায়ী আপনার প্রযোজ্য ব্যবসায়িক সার্টিফিকেট অবশ্যই থাকতে হবে। আপনার আবেদন প্রক্রিয়াকরণের জন্য যদিও DCWP-এর কাছে আপনার ব্যবসায়িক সার্টিফিকেট জমা দেওয়ার দরকার নেই, DCWP নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক বিধি (Administrative Code)-র 20-104 ধারা অনুসারে এই নথির জন্য অনুরোধ করতে পারে।

আপনার নিজের ছাড়া অন্যান্য একক মালিক যাঁরা একটি নামের অধীনে কার্য পরিচালনা করছেন তাঁদের অবশ্যই একটি ব্যবসায়িক/গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

আপনার ব্যবসার ক্ষেত্রে, পার্টনারশিপের জন্য একটি পার্টনারশিপ সার্টিফিকেট থাকতে হবে এবং, প্রযোজ্য হলে, গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

কর্পোরেশন, লিমিটেড পার্টনারশিপ, লিমিটেড লায়াবিলিটি কোম্পানি, অথবা লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট কর্পোরেশন বিভাগ (Division of Corporations)-এর কাছে রেজিস্টার করতে হবে এবং সক্রিয় থাকতে হবে। আপনার অবস্থান www.dos.ny.gov/corps–এ দেখতে পারেন।

## প্রয়োজনীয়তা

**আপনি এই প্রয়োজনীয় নথিপত্র এবং তথ্য জমা না করলে DCWP আপনার আবেদন খারিজ করে দেবে:**

- **সাধারণ লাইসেন্সের আবেদন** (সংযুক্ত)।

- **বিক্রি কর সনাক্তকরণ নম্বর বা আবেদন নিশ্চিতকরণ নম্বর।**
 বিক্রি কর সংগ্রহের জন্য কর্তৃপক্ষের শংসাপত্রের জন্য আবেদন করতে, www.businessexpress.ny.govদেখুন।

- **সিগারেট বা তামাকজাতীয় দ্রব্যের বিক্রির জন্য খুচরো ডিলার এবং ভেন্ডিং মেশিনের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট কর এবং অর্থ বিভাগ (Department of Taxation and Finance)-এর রেজিস্ট্রেশন।**
 সিগারেট বা তামাকজাতীয় দ্রব্যের বিক্রির জন্য খুচরো ডিলার এবং ভেন্ডিং মেশিনের ক্ষেত্রে রেজিস্ট্রেশনের জন্য www.licensecenter.ny.gov দেখুন বা (518) 457-5735 নম্বরে ফোন করুন।

- **ব্যবসায়িক ঠিকানার প্রমাণ।**
 নিম্নলিখিত নথিগুলির একটির একটি কপি ব্যবসার নামে অথবা লাইসেন্সের আবেদনে তালিকাভুক্ত ব্যক্তির নামে জমা দিন:

  - গত 90 দিনের মধ্যে পাওয়া উইটিলিটি বিল (অর্থাৎ, টেলিফোন, গ্যাস, ইলেক্ট্রিক, কেবিল, অথবা জল) অথবা
  - বর্তমান পাট্টা বা দলিল অথবা
  - বর্তমান ভাড়া বা বন্ধকের বিল অথবা
  - নিউ ইয়র্ক স্টেট অথবা অন্য একটি নিউ ইয়র্ক সিটি সরকারি সংস্থা প্রদত্ত বর্তমান (সক্রিয়) লাইসেন্স বা পারমিট বা সার্টিফিকেট যাতে আপনার ব্যবসার ঠিকানা রয়েছে

- **বাড়ির ঠিকানার প্রমাণ।**
 লাইসেন্সের আবেদনে তালিকাভুক্ত প্রত্যেক ব্যক্তিকে অবশ্যই ব্যক্তির নামে নিম্নলিখিত নথিগুলির একটির একটি অনুলিপি প্রদান করতে হবে:

  - গত 90 দিনের মধ্যে পাওয়া উইটিলিটি বিল (অর্থাৎ, টেলিফোন, গ্যাস, ইলেক্ট্রিক, কেবিল, অথবা জল) অথবা
  - কোন সরকারি সংস্থার থেকে করেসপন্ডেন্স অথবা
  - বর্তমান পাট্টা বা দলিল অথবা
  - বর্তমান ভাড়া বা বন্ধকের বিল অথবা
  - ড্রাইভারের লাইসেন্স অথবা
  - মিউনিসিপাল ID কার্ড

 *একজন ব্যক্তি যিনি অন্য ব্যক্তির ঠিকানায় থাকেন, তাঁরা দেবেন:*

  - পাট্টার মালিক বা বাড়ির মালিকের নামে বাড়ির ঠিকানার একটি প্রমাণ (উপরে দেখুন) এবং
  - বাড়ির মালিক বা পাট্টার মালিকের স্বাক্ষরিত চিঠি যাতে উল্লেখ করা থাকবে যে ব্যক্তিটি এই ঠিকানায় থাকেন

- **প্রযোজ্য হলে, খুচরো তামাকের ডিলার ক্যাপ এক্সেপশন সার্টিফিকেশন (সংযুক্ত) এবং সহায়ক নথিভুক্তিকরণ।**
 প্রাসঙ্গিক ব্যতিক্রমের জন্য প্রয়োজনীয় সহায়ক নথিপত্রের তালিকা আবেদনপত্রটিতে দেওয়া আছে। আপনি সহায়ক নথিপত্র onlineappsdocs@dcwp.nyc.gov–তে ইমেল করতে পারেন।

*দ্রষ্টব্য:* আপনি যদি লটারির জন্য আবেদন করেন এবং আবেদন করার প্রস্তাব পান , তাহলে আপনাকে এই ফর্মটি জমা দেওয়ার দরকার নেই।

- **প্রযোজ্য হলে, কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation)** (সংযুক্ত)।
  এটি প্রয়োজন যদি লাইসেন্সের আবেদনকারীর বদলে অন্য কেউ এই আবেদনপত্রটি প্রস্তুত করে ও জমা দেয়।

  *দ্রষ্টব্য:* আবেদনকারীকে লাইসেন্সের আবেদন এবং সংশ্লিষ্ট সকল আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে।

- **লাইসেন্সের মূল্য।**

| **লাইসেন্সের সময়সীমা:** 2 বছর | **মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ:** 31শে ডিসেম্বর | **লাইসেন্সের মূল্য: সম্পূর্ণ 2 বছরের জন্য $200** | |
|---|---|---|---|
| **আপনি যদি আপনার আবেদন এই তারিখের মধ্যে জমা করেন:** | | **আপনাকে মূল্য দিতে হবে:** | **আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হবে:** |
| একটি বিজোড় বছরের 1 জানুয়ারি থেকে 30 জুন পর্যন্ত | | $200 | জোড় বছরের 31শে ডিসেম্বর |
| একটি বিজোড় বছরের 1 জানুয়ারি থেকে 31 জুন পর্যন্ত | | $150 | জোড় বছরের 31শে ডিসেম্বর |
| একটি জোড় বছরের 1 জানুয়ারি থেকে 30 জুন পর্যন্ত | | $200 | বিজোড় বছরের 31শে ডিসেম্বর |
| একটি বিজোড় বছরের 1 জানুয়ারি থেকে 31 জুন পর্যন্ত | | $150 | বিজোড় বছরের 31শে ডিসেম্বর |

অর্থ প্রদানের মাধ্যম:

- DCWP-কে প্রদেয় চেক অথবা মানি অর্ডার। *(সশরীরে)*
- ক্রেডিট কার্ড (কেবলমাত্র ভিসা, মাস্টারকার্ড, আমেরিকান এক্সপ্রেস, ডিসকভার কার্ড)। আপনার থেকে একটি ফেরতের অযোগ্য কনভেনিয়েন্স মূল্য নেওয়া হবে। *(সশরীরে বা অনলাইনে)*

## খুচরো তামাকের ডিলারের জন্য অতিরিক্ত সংস্থানসমূহ

- আপনার ব্যবসাকে প্রভাবিত করতে পারে এমন আইন এবং নিয়মাবলী দেখার জন্য **nyc.gov/BusinessToolbox** দেখুন।
- **পরিদর্শনের চেকলিস্টের** জন্য**: খুচরো তামাকের ডিলার, nyc.gov/BusinessToolbox দেখুন।**
- আপনার ব্যবসা খোলা, চালানো, এবং বাড়ানোয় সহায়তাকারী সংস্থানগুলির জন্য **nyc.gov/business** দেখুন।